

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১. প্রকল্পের নাম : “মাতারবারি ২x৬০০ মেঃওঃ আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্ট”
২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ
৩. বাস্তবায়নকারী সংস্থা : সিপিজিসিএল
৪. প্রকল্পের অবস্থান : চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায়

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয় মোট জিওবি পিএ সংস্থার অর্থ	হ্রাস/বৃদ্ধি (%)	
			মূল ডিপিপি'র তুলনায়	সর্বশেষ অনুমোদনের তুলনায়
মূল অনুমোদিত	জুলাই ২০১৪ - জুন ২০২৩	৩৫৯৮৪.৪৬ ৭০৪৫.৪৩ ২৮৯৩৯.০৩	-	-
১ম- ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি	-	-	-	-
১ম সংশোধন	-	-	-	-

৬. **ক্রমপঞ্জিত অগ্রগতি:** জুন ২০২০ পর্যন্ত ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি ১২৭৩৮৩৩.০৬ লক্ষ টাকা।

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

- বাংলাদেশের সামগ্রিক বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করা এবং দেশের অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করা।
- ভিশন ২০২১ এর লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক ভূমিকা পালন করা;
- বিদ্যুৎ শক্তির দক্ষতা বৃদ্ধিকরণ;
- মান সম্পন্ন বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতকরণ;
- প্রযুক্তি উদ্ভাবনী ধারণা উৎসাহিতকরণ;
- পরিবেশ ও জীব-বৈচিত্র্য রক্ষা;
- কর্পোরেট সামাজিক দায়িত্ব নিশ্চিতকরণ;
- উন্নত এবং সুলভ প্রযুক্তি নিশ্চিতকরণ।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- ১৫০০ একর ভূমি অধিগ্রহণ;
- ১৩৬০৩৫৪.৬৯ ঘনমিটার ভূমি উন্নয়ন;
- মূল বিদ্যুৎ কেন্দ্রের মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল ওয়ার্ক;
- মূল বিদ্যুৎ কেন্দ্রের পূর্ত কাজ;
- প্রকল্প এলাকা লেভেলিং এবং অবকাঠামো নির্মাণ;
- স্থায়ী টাউন শীপ নির্মাণ;
- ফ্লু গ্যাস ডি-সালফারাইজেশন ইউনিট স্থাপন;
- আবাসিক ও অনাবাসিক নির্মাণ কাজ।

খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :

৯.০ পরামর্শকের দায়িত্বঃ

- ৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রয়োজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৭.১ প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলী যাচাইপূর্বক প্রতিবেদনে ভৌত কাজের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;
- ৯.৭.২ অধিগ্রহণকৃত ভূমির ব্যবহার ও অঙ্গভিত্তিক অগ্রগতির পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৮ প্রকল্প অনুমোদন, সংশোধন (প্রয়োজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- ৯.১১ প্রকল্পের উদ্দেশ্যে, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- ৯.১২ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠপর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- ৯.১৩ প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.১৪ কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।
২.	(ক) টিম লিডার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে বিএসসি ডিগ্রি।	<ul style="list-style-type: none"> প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; টিম লিডার হিসেবে ন্যূনতম ০১ (এক) বছর কাজ করার অভিজ্ঞতা; পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ

ক্রঃ	পরামর্শকের প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
			<p>দক্ষতার পাশাপাশি বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেওয়া হবে;</p> <ul style="list-style-type: none"> • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, Performance Security বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে; • সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন সহযোগীদের (JICA) প্রকিউরমেন্ট গাইডলাইন সম্পর্কে বিশেষ ধারণা থাকতে হবে; • “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (অক্টোবর, ২০১৬)” বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে); এবং • আইএমইডি’র Guideline for Industry, Power & Energy এর বিষয়ে ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে)।
	(খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে বিএসসি ডিগ্রি। ১ জন মেরিন ইঞ্জিনিয়ার।	<ul style="list-style-type: none"> • প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, Performance Security বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে; • সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন সহযোগীদের (JICA) প্রকিউরমেন্ট গাইডলাইন সম্পর্কে বিশেষ ধারণা থাকতে হবে; এবং • “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (অক্টোবর, ২০১৬)” বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে)।
	(গ) মেরিন ইঞ্জিনিয়ার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে বিএসসি ডিগ্রি।	সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
	(ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ ও ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান/ অর্থনীতি /পরিসংখ্যান/সামাজিক বিজ্ঞান অনুষদের আওতাভুক্ত বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি।	আর্থ-সামাজিক ও ডাটা ম্যানেজমেন্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। Resettlement বিষয়ে বাস্তব জ্ঞানকে অগ্রাধিকার দেওয়া হবে।

১১. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।